# মুয়াত্তা মালিক

## হাদিস নাম্বারঃ ১৭২২

৪৯. রাসূলুল্লাহ (ﷺ)_এর হুলিয়া মুবারক (كتاب صفة النبى ﷺ)

পরিচ্ছেদঃ ৯. পানীয় বস্তু ডান দিক হইতে বিতরণ আরম্ভ করা সুন্নত

السُّنَّةِ فِي الشُّرْبِ وَمُنَاوَلَتِهِ عَنْ الْيَمِينِ

আরবী

حَدَّثَنِي عَنْ مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِيَ بِلَبَنٍ قَدْ شِيبَ بِمَاءٍ مِنْ الْبِئْرِ وَعَنْ يَمِينِهِ أَعْرَابِيٌّ وَعَنْ يَسَارِهِ أَبُو بَكْرٍ الصِّدِّيقُ فَشَرِبَ ثُمَّ أَعْطَى الْأَعْرَابِيَّ وَقَالَ الْأَيْمَنَ فَالْأَيْمَنَ

বাংলা

রেওয়ায়ত ১৭. আনাস ইবন মালিক (রাঃ) বর্ণনা করেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমতে দুগ্ধ আনয়ন করা হইল। উহাতে পানি মিশ্রিত ছিল। তখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ডান দিকে উপবিষ্ট ছিলেন জনৈক মরুবাসী এবং বাম দিকে ছিলেন আবু বকর সিদ্দীক (রাঃ)। এমতাবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুগ্ধ পান করিলেন এবং সেই মরুবাসী লোকটিকে পান করিতে দিলেন আর বললেন, ডানদিক হইতে পরিবেশন কর।[1]

## English

Yahya related to me from Malik from Ibn Shihab from Anas ibn Malik that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, was brought some milk which was mixed with well-water. There was a Bedouin at his right side and Abu Bakr as-Siddiq on his left. He drank and then gave it to the Bedouin and said, "The right-hand to the right-hand."

ফুটনোট

[1] অথচ আবু বকর সিদ্দীক (রাঃ) উক্ত মরুবাসী লোকটির তুলনায় মর্যাদার দিক দিয়া বহু উর্ধ্বে ছিলেন। তথাপি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডান দিকে বেদুঈনকে দেওয়া পছন্দ করিয়াছেন। যে কোন ভাল কাজ ডানদিক হইতে আরম্ভ করাকে তিনি ভালবাসিতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74619

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন